যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর
pbs1.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.২৩. ৬০৭৮

তারিখঃ ২১ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স সীমা | বেতন ও অন্যান্য ভাতাদি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০১ (এক) টি (কম/বেশী হতে পারে) | ২০/১১/২০২৩ইং খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৪৫ বছর। | পবিস বেতন কাঠামো-২০১৬ এবং সর্বশেষ সংশোধিত ২০২১ অনুযায়ী বেতন স্কেল- ১৬,৬০০/- টাকা হতে ৪১,৯৫০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়ায় এবং ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে।<br>(খ) সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময়সূচি পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ নূন্যতম হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(ঘ)সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫(পাঁচ) বছর গাড়ী চালানো ও পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। যানবাহন পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(ঙ) বিগত ০৩(তিন) বছরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।<br>(চ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থ্যের এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(ছ) পবিস কর্তৃপক্ষ কর্তৃক লিখিত ও ড্রাইভিং টেস্ট পরীক্ষা সহ অন্যান্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(জ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম স্বাস্থ্য থাকতে হবে। পবিস/বাপবিবোর্ডের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্যগত ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.Pbs1.jessore.gov.bd)/ বাপবিবোর্ডের ওয়েব সাইট www.reb.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ফরম নং-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পুরণ করে আগামী ২০/১১/২০২৩ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতা সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

(খ) সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (০১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে)।

(গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে।

(ঙ) আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সত্যায়িত হতে হবে।

(চ) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন সময়ে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ন এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা হবে।

০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সে ক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা হতে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। খামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১০। জেলা কোটার প্রাপ্যতা না থাকায় ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**স্বাঃ**
**(মোঃ ইছাহাক আলী)**
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (সদয় অবগতির জন্য)।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
০৬। ডিজিএম (সদর-কারিঃ/বাঘারপাড়া/ঝিকরগাছা/চৌগাছা/শার্শা)জোনাল অফিস, যপবিস-১।
০৭। এজিএম (বাগআঁচড়া/বাঁকড়া/রূপদিয়া/খাজুরা/বেনাপোল/পুড়াপাড়া) সাব-জেনাল অফিস, যশোর পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), যপবিস-১।
০৯। এজিএম(আইটি), যশোর পবিস-১ **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০। নোটিশ বোর্ড, যশোর পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

ইছাহাক
০৬/১১/২৫

**(মোঃ ইছাহাক আলী)**
জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২ ভার্সস-০১
অনুমোদিতঃ ২৪/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ ড্রাইভার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর।।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-......................

......................................
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

......................................
৩. পদের ধরনঃ

.............................................
৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

......................................................
৫. প্রকাশনার তারিখ

.............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

......................................
(ইংরেজীতে বড় হাতের অক্ষরে)

......................................................................
৭. জন্ম তারিখ (এস.এস.সি. পরীক্ষার সনদ/জন্মনিবন্ধন অনুযায়ী)

.............................................
৮. পিতার নাম

........../.........../............(দিন/মাস/বছর)
৯. বয়স (২০/১১/২০২৩খ্রিঃ তারিখে)

.................................................
১০. মাতার নাম

..............................................................
১১. ধর্ম

.................................................
১২. জাতীয়তা

..............................................................
১৩. নিজ জেলা

.......................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. স্থায়ী ঠিকানাঃ

..........................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

......................
খ. ডাকঘর

.........................
গ. উপজেলা/থানা

...............................
ঘ. জেলা

১৭. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতরে খালি অংশে টিক (√) দিন ঃ

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ......................... | ...................... | ........................ | .............................. |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

**১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ /বিভাগ/ শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |

**২০. অভিজ্ঞার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):**

**২০. প্রাক্তন ও বর্তমান চাকুরী কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):**

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তরিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

**২১. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| | নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|---|
| ১। | |
| ২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি, তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

....................................
তারিখ

.............................................
আবেদনকারীর স্বাক্ষর

# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপশীডাঙ্গা, যশোর।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

লিখিত (এমসিকিউ) / লিখিত (রচনামূলক)/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ .....................................................

পরীক্ষার তারিখ ঃ .....................................................

পরীক্ষার সময় ঃ .....................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ .....................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ .....................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ....................

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ .....................................................

প্রার্থীর নাম ঃ .....................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

# প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস কর্তৃপক্ষ/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

..............................................

অফিস প্রধানের স্বাক্ষর ও সীল